

দৈনিক সংবাদ

তারিখ 11 DEC 1993

পৃষ্ঠা... ৭... কলাম... ৮...

118

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

**সরকারী কলেজ শিক্ষকদের
অবিরাম কর্মবিরতি আগামী
বছর ২রা এপ্রিল থেকে**

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের সরকারী কলেজগুলোর শিক্ষকরা
আগামী বছরের ২রা এপ্রিল থেকে অবিরাম
কর্মবিরতি শুরু করবেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির
দু'দিনব্যাপী জাতীয় সম্মেলনে ওই সিদ্ধান্ত
নেয়া হয়। গতকাল শুক্রবার সম্মেলন শেষ
হয়। এতে সভাপতিত্ব করেন সমিতির
সভাপতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের
অধ্যক্ষ ডঃ কিউ, এ, টি, এম হাবিবুর
রহমান। সম্মেলনে সারাদেশের ৩ হাজার
শিক্ষক প্রতিনিধি অংশ নেন।

কলেজ শিক্ষক : পৃঃ ৮ কঃ ২

কলেজ শিক্ষক : অবিরাম কর্মবিরতি

(১ম পৃষ্ঠার পর)

সম্মেলনে সমিতির ১৬ দফা বাস্তবায়ন
না হওয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করে
আগামী ৩১শে মার্চের মধ্যে দাবি মেনে
নেয়ার আহ্বান জানানো হয়।

সম্মেলনে ডঃ হাবিবুর রহমানকে
সভাপতি, আবু ইউসুফকে সাধারণ
সম্পাদক ও এনায়েত হোসেন মিয়াকে
কোষাধ্যক্ষ করে আগামী দু' বছরের জন্য
১৩১ সদস্যের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি
গঠন করা হয়।